

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যে কারণে উযূ করা ওয়াজিব হয়

আরবী

وَعَن عَلَيّ بن طلق قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «إِذَا فسا أحدكُم فَلَيْتُوضّاً وَلَا تأتو النِّسَاءَ فِي أَعْجَازِهِنَّ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ

বাংলা

৩১৪-[১৫] 'আলী ইবনু ত্বলক (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কারও যখন বায়ু বের হয়, তখন সে যেন আবার উযূ (ওয়ু/ওজু/অজু) করে নেয়। আর তোমরা নারীদের গুহাদ্বারে সঙ্গম করবে না। (তিরমিয়ী ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ১১৬৫, আবূ দাউদ ২০৫। শব্দবিন্যাস আত্ তিরমিয়ীর اَلْسَهُ (আস্ সাহু) হলো নিতম্বের নাম। আর الْوكَاءُ (আল বিকা-উ) হলো মশকের মুযবাধার রশি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যখন কারো পিছনের রাস্তা দিয়ে শব্দহীন বাতাস বের হয় যা শোনা যায় না চাই তা ইচ্ছাকৃত বের হোক বা অনিচ্ছাকৃত তখন সে যেন উযূ (ওযু/ওজু/অজু) করে। আবূ দাউদ-এর বর্ণনায় রয়েছে, সে যেন সালাত (সালাত/নামায/নামাজ) ছেড়ে ফিরে যায় এবং উযূ করে পুনরায় তা আদায় করে। আর মহিলাদের পিছনের রাস্তা দিয়ে সহবাস করা হরাম। এখানে উভয় বাক্যের মাধ্যমে সামঞ্জস্য বিধান হলো রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বায়ুর বিষয়টি উল্লেখ করলেন যা পিছনের রাস্তা দিয়ে বের হয় এবং পবিত্রতা ও আল্লাহর নৈকট্য অর্জনকে দূরীভূত করে দেয় তখন সাথে সাথে সে বিষয়েরও উল্লেখ করলেন যা পবিত্রতা দূরীকরণে আরো কঠোর। এ হাদীস দ্বারা বুঝা যায়, পিছনের রাস্তা দিয়ে বায়ু বের হওয়া উয়ু (ওযু/ওজু/অজু) ভঙ্গের একটি অন্যতম কারণ।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন